গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রি পরিষদ বিভাগ
জেলা প্রশাসন-২ শাখা।

নং মপবি/জেপ্র-২/১(১৭)/৯১-(১১৬০)

তারিখ ঃ- ৯ই চৈত্র ১৩৯৮ বাং।
২০শে মার্চ ১৯৯২ ইং।

পরিপত্র

স্থানীয় সরকার বিভাগের ৪-৩-৯২ ইং তারিখের শাউজে-১/১ সি-৩/৮৫(অংশ)-৩১/১৯৪/১০০৬ ও ৪/১/৯২ তারিখের শাউজে-১/কি-২/৯০/০৭৫(৫০২) নং আদেশদ্বয় জারীর প্রেক্ষিতে উদ্ভূত জটিলতা নিরসনকল্পে স্থানীয় সরকার বিভাগের সহিত আলোচনাক্রমে নিম্ন লিখিত নির্দেশ জারী করা হইল ঃ-

১। (ক)(১) সুদ সংগ্রহকারী কর্মকর্তাগণ উপজেলা ট্রেজারী হইতে নিজ নিজ বেতন ভাতাদি বিলের মাধ্যমে গ্রহণ করিতে পারিবেন।

(খ) উপজেলার স্ব স্ব বিভাগের নির্দ্ধারিত আয়ন ব্যয়ন কর্মকর্তাগণ স্ব স্ব অফিসের কর্মচারীদের বেতন ভাতাদীসহ সকল প্রকার বিল জেলা/উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তার নিকট পেশ করিবেন এবং সরাসরি সরকারী ট্রেজারী হইতে বিলের অর্থ আহরন করিবেন।

২। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর বাজেটে বরাদ্দকৃত অর্থ স্ব স্ব উপজেলার আয়ন ব্যয়ন কর্মকর্তার অনুকূলে বরাদ্দ করিবেন এবং বরাদ্দ পত্রের অনুলিপি অবশ্যই জেলা/উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তার নিকট প্রেরন করিবেন।

৩। বিভিন্ন বিভাগ কর্তৃক ইতিপূর্বে প্রদত্ত পি,এল একাউন্টে রক্ষিত উদ্বৃত্ত অর্থ (যদি থাকে) সরকারী ট্রেজারীতে জমা দিতে হইবে।

৪। ইহাতে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি আছে।

৫। এই আদেশ অবিলম্বে কার্য্যকর হইবে। নির্দেশক্রমে জারী করা হইল।

স্বাঃ/
(সি,কিউ,কে, মুসতাক আহমদ)
সিনিয়র সহকারী সচিব।

স্মারক নং- ৯৭(১৬)

তারিখ ঃ-২৮/৩/৯২ ইং-

অনুলিপি অবগতি ও কার্য্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল ঃ-

উপজেলা_____অফিসার, গোপালগঞ্জ সদর (সকল)।

উপজেলা নির্বাহী অফিসার,
গোপালগঞ্জ সদর।

স্মারক নং ৯৭(১৬)/১(১)

তারিখ ২৮/৩/৯২

অনুলিপি ঃ- উপজেলা অর্থ কর্মকর্তা তাহাকে উপজেলা পরিষদের পি এল হিসাব খাতের খাত ওয়ারী সমস্ত উদ্বৃত্ত অর্থ সরকারী ট্রেজারীতে জমা দেওয়ার অনুরোধ জানানো গেল।

উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর।